চীনে ট্রেন দুর্ঘটনায় প্রাণ গেল ৯ শ্রমিকের

চীনের গানসু প্রদেশে শুক্রবার সকালে ট্রেন দুর্ঘটনায় ৯ জন নিহত হয়েছেন। তারা প্রত্যেকেই রেলকর্মী।

স্থানীয় কর্তৃপক্ষ জানায়, যাত্রীবাহী ট্রেনটি স্থানীয় সময় সকাল ৫টা ২৫ মিনিটে জিনচাং শহরে দুর্ঘটনার কবলে পড়ে। এটি উরুমকি থেকে হাঙজুতে যাচ্ছিল। খবর বিবিসির।

খবরে বলা হয়, উদ্ধারকাজ পরিচালনার জন্য ঘটনাস্থলে মেডিকেল ও ইমার্জেন্সি টিম পাঠানো হয়েছে।

এ দুর্ঘটনা নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনায় মেতে উঠেছেন নেটিজেনরা।

চীনের মাইক্রোব্লগিং প্ল্যাটফর্ম ওয়েইবোতে একজন লিখেছেন— শ্রমিকরা যদি রেললাইন সংস্কারের কাজ করে থাকেন, তবে ট্রেনের চালকদের এ সম্পর্কে জানা উচিত ছিল। ৯ জনের মর্মান্তিক মৃত্যু হয়েছে। এ দুর্ঘটনা কীভাবে ঘটল।

পোলট্রি ফার্ম থেকে ছড়াচ্ছে ভাইরাস, চীনজুড়ে আতংক

করোনাভাইরাসের পর এবার চীনে আতংক ছড়াচ্ছে বার্ড ফ্লু। জিয়াংশু প্রদেশে একজন মানুষ এবার মরণঘাতী ভাইরাসে আক্রান্ত হওয়ার খবরে এ আতংক দেখা দেয়।

চীনের জাতীয় স্বাস্থ্য কমিশন মঙ্গলবার এ খবর নিশ্চিত করেছে। ঝেনজিয়াং শহরের ৪১ বছরের এক যুবকের শরীরে পাওয়া গিয়েছে H10N3 স্ট্রেন। তবে তার অবস্থা এখন স্থিতিশীল। দ্রুত হাসপাতাল থেকে তিনি সুস্থ হয়ে বাড়ি ফিরবেন। সিজিটিএন টিভির বরাত দিয়ে এ খবর

জানিয়েছে ইন্ডিয়ান টাইমস।

খবরে বলা হয়, সাধারণত পোলট্রি ফার্ম থেকেই এই ভাইরাস ছড়ায়। তবে সংক্রমণের পরিধি খুব বেশি নয়। ভাইরাসের মারণ ক্ষমতাও করোনাভাইরাসের মতো নয়। তবুও চিনে আতঙ্কের সৃষ্টি করেছে এই খবর। এভিয়ান ইনফ্লুয়েঞ্জারও অনেকগুলি প্রজাতি রয়েছে। H10N3 স্ট্রেন মারাত্মক।

ইন্ডিয়ান টাইমসের খবরে বলা হয়, স্বাস্থ্য কর্মকর্তারা খবরটিকে গুরুত্ব না দিলেও পোলট্রি ফার্ম থেকেই এই ভাইরাস মানুষের শরীরে সংক্রমিত তা একপ্রকার নিশ্চিত। তার ফলে করোনা মহামারীর পর নয়া আতংকের সৃষ্টি করেছে চীনে। বিশেষজ্ঞরা বলছেন, এর থেকে মহামারী গোত্রের সংক্রমণ হওয়ার আশংকা কম। গত ২৮ মে এভিয়ান ইনফ্লুয়েঞ্জায় আক্রান্ত হন ওই যুবক। কিন্তু কীভাবে তিনি সংক্রমিত হলেন তা খোলসা করেনি জাতীয় স্বাস্থ্য কমিশন।

ইতালিতে ক্যাবল কার ধসে নিহত ১৪

ইতালির উত্তরাঞ্চলে মত্তারনে পর্বতে ওঠার সময় তার ছিড়ে একটি ক্যাবল কার মাটিতে পড়ে গেলে এতে ১৪ জন নিহত এবং এক শিশু গুরুতর আহত হয়েছে।

(বিস্তারিত আসছে…)

আইনস্টাইনের সেই চিঠি বিক্রি হল ১২ লাখ ডলারে

বিজ্ঞানী আলবার্ট আইনস্টাইনের হাতে লেখা একটি চিঠি ১২ লাখ ডলারের বেশি (সাড়ে ৮ লাখ পাউন্ড) দামে বিক্রি হয়েছে।

পদার্থবিজ্ঞানের সুপরিচিত সমীকরণ E=mc2 এর উল্লেখ থাকা ওই চিঠিটি যুক্তরাষ্ট্রে এক নিলামে অজ্ঞাত এক নথি সংগ্রাহক কিনে নিয়েছেন। খবর বিবিসির।

১৯০৫ সালে এক বৈজ্ঞানিক নিবন্ধে আইনস্টাইনের লেখা এ সমীকরণটি প্রথম প্রকাশিত হয়। এতে আলোর গতি ও বস্তুর ভরের সঙ্গে শক্তির সম্পর্ক তুলে ধরা হয়েছে।

বিশেষজ্ঞরা বলছেন, এর বাইরে আর তিনটি নথিতে আইনস্টাইনের হাতে লেখা E=mc2 পাওয়া গেছে।

বোস্টনভিত্তিক নিলামকারী প্রতিষ্ঠান আরআর অকশন জানিয়েছে, পোলিশ-আমেরিকান পদার্থবিদ লুদভিগ সিলভারস্টেইনকে লেখা চিঠিটিই এখন পর্যন্ত কারো ব্যক্তিগত সংগ্রহ থেকে পাওয়া একমাত্র নথি, যেখানে আইনস্টাইন নিজের হাতে সমীকরণটি লিখেছিলেন।

জার্মান ভাষায় লেখা এক পৃষ্ঠার এ চিঠিটিতে তারিখ দেওয়া আছে ২৬ অক্টোবর, ১৯৪৬।

গাজার সড়কে ফিলিস্তিনিদের বিজয় উল্লাস

টানা ১১ দিন রক্তাক্ত সংঘাতের পর গাজা উপত্যকায় বৃহস্পতিবার স্থানীয় সময় রাত ২টা (বাংলাদেশ সময় শুক্রবার ভোর ৫টা) থেকে যুদ্ধবিরতি কার্যকর হয়েছে। যুদ্ধবিরতির ঘোষণায় রাস্তায় নেমে উল্লাস করতে থাকেন ফিলিস্তিনি জনগণ। খবর আলজাজিরার।

এ যুদ্ধবিরতিকে নিজেদের বিজয় বলে দাবি করেছে ফিলিস্তিনের ইসলামি প্রতিরোধ আন্দোলন হামাস।

ইসরাইলের প্রধানমন্ত্রী নেতানিয়াহুর কার্যালয় থেকে ঘোষণা আসার পর হামাস এবং ইসলামিক জিহাদ জানায়, স্থানীয় সময় রাত ২টা থেকে যুদ্ধবিরতি কার্যকর হবে। এর পরই নিরাপদ আশ্রয় থেকে বের হয়ে এসে উল্লাস করতে থাকেন ফিলিস্তিনিরা।

যুদ্ধবিরতি ঘোষণার পর গাজা এবং ফিলিস্তিনের রাস্তায় নেমে হাজার হাজার মানুষকে উল্লাস করতে দেখা যায়। এ সময় তারা ফিলিস্তিনের পতাকা প্রদর্শন করেন এবং বিজয়সূচক ‘ভি’ চিহ্ন দেখান। এ ছাড়া এ সময় গাজার মসজিদ থেকে মাইকে আল্লাহর প্রশংসাসূচক বক্তব্যও শোনা যায়।

জনগণের সামনে বক্তব্য দিতে গিয়ে গাজায় থাকা হামাসের দ্বিতীয় সর্বোচ্চ রাজনৈতিক নেতা খলিল আল-হাইয়া বলেন, ইসরাইলিদের বিরুদ্ধে এটি জয়ের উচ্ছ্বাস।’ এ সময় ইসরাইলি বোমা হামলায় ক্ষতিগ্রস্ত বাড়িগুলো পুনর্নির্মাণের ঘোষণাও দেন তিনি।

শুক্রবার যুদ্ধবিরতি কার্যকরের পর মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন বলেছন, এটি উন্নতির চরম সুযোগ সামনে এনেছে। এর আগে ইসরাইলের রাজনৈতিক নিরাপত্তাবিষয়ক মন্ত্রিসভা জানায়, তারা যুদ্ধবিরতির সুপারিশ সর্বসম্মতিক্রমে গ্রহণ করেছে। ইসরাইলের প্রতিরক্ষামন্ত্রী বেনি গান্তজ বলেছেন, গাজায় হামলার মাধ্যমে অভূতপূর্ব সামরিক অর্জন হয়েছে।

অন্যদিকে হামাসের এক কর্মকর্তা বলেছেন, ইসরাইল যুদ্ধবিরতির ঘোষণা দেওয়া ফিলিস্তিনি জনগণের জন্য বিজয় এবং ইসরাইলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর জন্য পরাজয়।

তবে এই যুদ্ধবিরতি টিকবে কিনা তা নিয়ে সন্দেহ পোষণ করেছেন হামাসের আন্তর্জাতিক সম্পর্কবিষয়ক কাউন্সিলের কর্মকর্তা বাসিম নাইম। তিনি বলেন, ‘ফিলিস্তিনিদের জন্য ন্যায়বিচার ছাড়া, ইসরাইলের আগ্রাসন ছাড়া আর জেরুজালেমে আমাদের জনগণের বিরুদ্ধে ইসরাইলি সহিংসতা বাদে এই যুদ্ধবিরতি ভঙ্গুর হয়ে পড়তে পারে।’

গত ১০ মে থেকে গাজায় ইসরাইলের বিমান হামলা শুরু হয়। এতে ২৩২ ফিলিস্তিনি নিহত হয়েছেন। তাদের মধ্যে ৬৫ জন শিশু। আহত হয়েছেন এক হাজার ৯০০ জন।

বিশাল এলাকা পরিণত হয়েছে ধ্বংসস্তূপে। বাস্তুচ্যুত হয়ে পড়েছে এক লাখ ২০ হাজার মানুষ।

ইসরাইলি সেনাবাহিনী জানিয়েছে, হামাসসহ গাজার বিভিন্ন গ্রুপ দেশটি লক্ষ্য করে চার হাজার ৩০০ রকেট ছুড়েছে। তবে এর বেশিরভাগই প্রতিহত করেছে ইসরাইলে ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা আয়রন ডোম। এসব রকেট হামলায় ইসরাইলের ১২ নাগরিকের মৃত্যু হয়েছে।

ইসরাইলের বিরুদ্ধে বিজয় দাবি হামাসের

ইসরাইল ও গাজার মধ্যে চলা ১১ দিনের সংঘর্ষে বিজয় দাবি করেছেন হামাসের রাজনৈতিক শাখার জ্যেষ্ঠ নেতা। যুদ্ধবিরতির পরে স্থানীয় সময় শুক্রবার দেওয়া এক ভাষণে তিনি এই বিজয় দাবি করেছেন। গাজায় হামাসের দ্বিতীয় সর্বোচ্চ নেতা খলিল আল হায়া বলেন, দখলদারদের বিরুদ্ধে এটি আনন্দজনক বিজয়।’

যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর গাজার রাস্তায় উল্লাসরত ফিলিস্তিনিদের উদ্দেশে বাখার সময় ফিলিস্তিনের স্বাধীনতাকামী গোষ্ঠী হামাসের এই নেতা আরও বলেন, 0এটা বিজয়ের উচ্ছ্বাস। ইসরায়েলি বিমান হামলায় ধ্বংস হয়ে যাওয়া বাড়ি পুনর্নির্মাণের প্রতিশ্রুতি দেন তিনি। ফরাসি বার্তা সংস্থা এএফপির প্রতিবেদনে এসব তথ্য তুলে ধরা হয়েছে।

ইসরাইলের সঙ্গে যুদ্ধবিরতির মধ্যস্ততা করেছে মিসর। এতে যুক্ত রয়েছে গাজার দ্বিতীয় শক্তিশালী গ্রুপ ইসলামিক জিহাদ। বৃহস্পতিবার সন্ধ্যায় যুদ্ধবিরতির সম্মতি আসার পর মধ্য রাত থেকে এটি কার্যকর হয়েছে।

গত ১০ মে থেকে গাজায় ইসরাইলের বিমান হামলা শুরু হয়। এতে ২৩২ ফিলিস্তিনি নিহত হয়েছেন। তাদের মধ্যে ৬৫ জন শিশু। আহত হয়েছেন ১ হাজার ৯০০ জন।
বিশাল এলাকা পরিণত হয়েছে ধ্বংসস্তুপে। বাস্তুচ্যুত হয়ে পড়েছে এক

লাখ ২০ হাজার মানুষ।

ইসরাইলি সেনাবাহিনী জানিয়েছে হামাসসহ গাজার বিভিন্ন গ্রুপ দেশটি লক্ষ্য করে চার হাজার তিনশ’ রকেট ছুঁড়েছে। তবে এর বেশিরভাগই প্রতিহত করেছে ইসরাইলে ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা আয়রন ডোম। এসব রকেট হামলায় ইসরাইলের ১২ নাগরিকের মৃত্যু হয়েছে।

আল আকসা মসজিদে ইসরাইলি পুলিশের অভিযানের জবাবে হামাস রকেট হামলা চালালে গাজায় বিমান হামলা শুরু হয়। গাজার শত শত স্থাপনা লক্ষ্য করে বিমান হামলা চালানো হয়েছে। ইসরাইলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু দাবি করেছেন, এই হামলায় হামাস বহু বছর পিছিয়ে পড়েছে।

হামাস বলছে, গাজার বড় এলাকা ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। ১ লাখ ২০ হাজার মানুষ গৃহহীন হয়ে পড়েছে।

এই রক্তপাত বন্ধে বিভিন্ন দেশ আহ্বান জানালেও তাতে সাড়া দিচ্ছিল না ইসরাইল। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন বুধবার ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে ফোন করে সহিংসতা প্রশমনের কথা বলেন। তবে এরপরও নেতানিয়াহু হামলা চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছিলেন।

ইসরাইল-ফিলিস্তিনের মধ্যে এবারের সংঘাতকে বলা হচ্ছে ২০১৪ সালের পর সবচেয়ে ভয়াবহ সংঘাত। ২০১৪ সালের ওই সংঘাতে ২ হাজার ২৫১ ফিলিস্তিনি নিহত হন। ইসরাইলের পক্ষে প্রাণহানি ছিল ৭৪, যাদের অধিকাংশই সেনাসদস্য।

সূত্র-যুগান্তর

[redacted]

[redacted]

[redacted]

[

নেতানিয়াহু

ইসরায়েলে গতকাল মঙ্গলবার মধ্যরাতের মধ্যে বেঞ্জামিন নেতানিয়াহুকে সরকার গঠন করতে হতো। কিন্তু প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা না থাকায় প্রেসিডেন্টের অফিসকে নেতানিয়াহু জানিয়ে দিয়েছেন, তিনি সরকার গঠন করতে পারবেন না।

এবার সে দেশের প্রেসিডেন্ট অন্য দলকে সুযোগ দেবেন। তারা যদি পারে, তাহলে বিরোধী দলের আসনে বসবেন নেতানিয়াহু এবং তার দলের নির্বাচিত সদস্যরা।

কে সরকার গঠন করতে পারে

রাজনৈতিক বিমেষজ্ঞরা বলছেন, প্রেসিডেন্ট রিভলিন এবার ইয়াইর ল্যাপিদকে সরকার গঠনের আমন্ত্রণ জানাতে পারেন। তিনি এখন জোট সরকার গঠন করার চেষ্টা করবেন। সাবেক টিভি অ্যাঙ্কর তিনি এবং নেতানিয়াহুর তীব্র বিরোধী।

নেতানিয়াহুর সাবেক জোটসঙ্গী বেনেট আছেন, তিনি ডানপন্থী দলের নেতা। প্রেসিডেন্ট তাকেও সরকার গঠনের জন্য ডাকতে পারেন।

প্রসঙ্গত, ইসরায়েলে গত দুই বছরে চারবার ভোট হয়েছে। সে দেশের নেতারা জোট গঠন করতে হিমশিম খাচ্ছেন। সর্বশেষ নির্বাচন হয়েছে এ বছরের মার্চে। কোনো দল যদি সরকার গঠন করতে না পারে, তাহলে দুই বছরে পাঁচবার ভোট হবে ইসরায়েলে।
সূত্র : ডয়চে ভেলে

ভারতে দৈনিক সংক্রমণ কমলেও বেড়েছে মৃত্যু

ভারতে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে সংক্রমণ কমলেও মৃত্যু বেড়েছে। রোববার দেশটিতে নতুন করে আক্রান্ত হয়েছেন ৩ লাখ ৯২ হাজার ৪৮৮ জন। আর মৃত্যু হয়েছে ৩ হাজার ৬৮৯ জনের।

পশ্চিমবঙ্গে ফের বিপুল ব্যবধানে জয় পেল মমতার তৃণমূল

পশ্চিমবঙ্গ রাজ্যে টানা তৃতীয়বারের মতো সরকার গঠন করতে যাচ্ছে মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল।

রোববার বেসরকারি ফলাফলে ২৯২ আসনের মধ্যে তৃণমূল পেয়েছে ১৯১ আসন। আর ৯২টি আসনে বিজেপি জয় লাভ করেছে।

আনন্দবাজার পত্রিকার খবর অনুযায়ী, বেলা সাড়ে ১১টা পর্যন্ত প্রাপ্ত ফলাফলে ১৯১টি আসনে এগিয়ে তৃণমূল। অন্যদিকে বিজেপি এগিয়ে রয়েছে ৯২টি আসনে।

বাম-কংগ্রেস এবং ইন্ডিয়ান সেক্যুলার ফ্রন্টের সংযুক্ত মোর্চা এগিয়ে রয়েছে ৪টি আসনে।